

রাজধানীতে শুরু হলো ৪ দিনব্যাপী পার্বত্য মেলা ও তারুণ্যের উৎসব

- A Monitor Desk Report

Date: 30 January, 2025



ঢাকা : রাজধানীর বেইলি রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে ৪ দিনব্যাপী পার্বত্য মেলা ও তারুণ্যের উৎসবের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (২৯ জানুয়ারি) বিকেলে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে এর উদ্বোধন করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সুপ্রদীপ চাকমা, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপদেষ্টা মো. নাহিদ ইসলাম।

এ সময় ঐতিহ্যবাহী বাঁশি ও বাদ্য বাজানো হয়। পরে মঞ্জল প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। মেলার উদ্বোধন শেষে অতিথিরা মেলার স্টলগুলো ঘুরে দেখেন।

অনুষ্ঠানের দ্বিতীয় অংশে পার্বত্য চট্টগ্রামের বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সাফ বিজয়ী কৃতি ফুটবলার ঋতুপর্ণা চাকমা, গোলরক্ষক রুপনা চাকমা, মনিকা চাকমা, আন্তর্জাতিক রেফারি জয়া চাকমা, জাতীয় বক্সিং চ্যাম্পিয়ন বক্সার সুকৃষ্ণ চাকমা, ট্রায়থলেট (আয়রনম্যান) রাজেশ চাকমাকে সংবর্ধনা দেওয়া হয়।

আলোচনা পর্বে বক্তব্য রাখেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সুপ্রদীপ চাকমা, পার্বত্য চট্টগ্রাম শরণার্থী বিষয়ক পুনর্বাসন টাস্কফোর্সের চেয়ারম্যান সুদন্ত চাকমা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান অধ্যাপক থানজামা লুসাই, এআইইউবি ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক বরেন লাল ত্রিপুরা, প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত (উপদেষ্টা পদমর্যাদা) লুৎফে সিদ্দিকী।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) ড. রাশিদা ফেরদৌস। পরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন অতিথিরা।

এ সময় পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন, স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার, ধর্ম বিষয়ক উপদেষ্টা ড. আ.ফ.ম. খালিদ হোসেন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপদেষ্টার সহধর্মিণী নন্দিতা চাকমা, পার্বত্য চট্টগ্রামের তিন জেলা পরিষদের চেয়ারম্যান, সরকারের সচিব, উর্ধ্বতন কর্মকর্তা ও দেশি-বিদেশি সংস্থার প্রতিনিধিসহ পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে চার দিনব্যাপী এই মেলায় ৮৩টি স্টল স্থান পেয়েছে। প্রতিদিন সন্ধ্যা থেকে রাত ৯টা পর্যন্ত থাকছে পার্বত্য তিন জেলার ঐতিহ্যবাহী মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

-B